

B.A. 6<sup>th</sup> Semester (Honours) Examination 2022

বাংলা

Course Title : আধুনিক কবিতা

Course ID : 60116

Course Code : AHBNG-603-DSE-3

সময় : ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ২×৫=১০
- ক) “হে প্রেমের দেদবতা, ঘুম যে আসেনা, সিগারেট টানি;” – কার লেখা, কোন কবিতার পংক্তি?
- খ) “ঘুমহীন তাদের চোখে হানা দেয় / কিসের ক্লান্ত দুঃস্বপ্ন।” – এখানে তাদের বলতে কাদের কথা বলা হয়েছে? কোন কবিতার পংক্তি?
- গ) ‘সালেমনের মা’ কার লেখা, কোন কাব্যগ্রন্থের কবিতা?
- ঘ) “সেই সৃষ্টিক্ষণ/স্রোতঃস্বনা” – ‘স্রোতঃস্বনা’ শব্দটি কোন পদ ? এর একটি প্রতিশব্দ লেখো।
- ঙ) “শতবর্ষ এগিয়ে আসে – শতবর্ষ যায় /চাল তোলো গো মাসিপিসি লালগোলা বনগায়”– কার লেখা, কোন কবিতার পংক্তি?
- চ) অমিয় চক্রবর্তীর লেখা যে কোন দুটো কাব্যগ্রন্থের নাম লেখো ?
- ছ) “দেখেছিলাম আলোর নীচে \_\_\_\_\_ সে আলো !” – শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসাতো এবং সেই শব্দের একটি প্রতিশব্দ লেখো।
- জ) সুভাষ মুখোপাধ্যায়ের লেখা প্রথম কাব্যগ্রন্থের নাম ও প্রকাশকাল উল্লেখ করো।
- ২। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ৫×২=১০
- ক) “দূর সমুদ্র থেকে ভেসে আসে/বিষণ্ন নাবিকের গান।” – কার লেখা, কোন কবিতা থেকে অংশটি নেওয়া হয়েছে ? এই বিষণ্নতার কারণ কী ?
- খ) অমিয় চক্রবর্তীর ‘বৃষ্টি’ কবিতা “অন্ধকার মধ্যদিনে বৃষ্টি ঝরে মনের মাটিতে।” – পংক্তির ব্যাখ্যা করো।
- গ) ‘নুন’ কবিতার বৈপরিত্য নিজের ভাষায় প্রকাশ করো।
- ঘ) “আমার পরে যে বোন ছিলো চোরাপথের বাঁকে/ মিলিয়ে গেছে, জানি না আজ কার সঙ্গে থাকে।”– কার কোন, কবিতার পংক্তি? তাৎপর্য ব্যাখ্যা করো।
- ৩। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০
- ক) ‘মহুয়ার দেশ’ কবিতায় সমর সেন নগর জীবনের যান্ত্রিকতার বৈপরীত্যে সবুজে ঢাকা মহুয়ার দেশের যে ছবি ফুটিয়ে তুলেছেন, তা নিজের ভাষায় লেখো।
- খ) সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় মানুষের কথা কিভাবে ফুটে উঠেছে পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো।
- গ) ‘বাঁচাবার সার্থকতা’ই হল অমিয় চক্রবর্তীর কবিতার মূলসুর। – ‘বড়বাবুর কাছে নিবেদন’ কবিতা অবলম্বনে বক্তব্যটি বিচার করো।
- ঘ) জয় গোস্বামীর কবিতায় একটি স্বতঃস্ফূর্ত স্বাভাবিক কোমল বিরহ এবং অসহায়তা খেলা করে –পাঠ্য কবিতা অবলম্বনে ব্যাখ্যা করো।